# তৌরেতের

এয়ানে

মূসার মারফতে লেখা পহেলা কেতাব।

যাহাকে পএদাইষের কেতাব বলে আর

# খরুজের কেতাবের

এয়ানে

মূসার মারফতে লেখা দোশরা কেতাবের

২০ বাব তক।

---

# GENESIS

AND

# PART OF EXODUS,

IN MUSALMÁN BENGÁLÍ.

---

CALCUTTA:
PRINTED FOR THE CALCUTTA AUXILIARY BIBLE SOCIETY,
BY J. THOMAS, BAPTIST MISSION PRESS.
1857.

Zben
M857

তৌরেতের এয়ানে

# মূসার পহেলা কেতাব।

## যাহাকে পএদাইষের কেতাব বলে।

### ১ বাব।

এব্‌তেদার বয়ান।

১ এবতেদাতে খোদা আস্‌মান আর জমিনকে
২ পএদা করিলেন। আর জমিন ওএরান আর
শুন্‌শান ছিল, আর আন্ধেরা গম্ভীর পানির
উপরে ছিল, আর খোদার রূহ পানির উপরে
ফএলিয়া ছিলেন।

পহেলা রোজের বয়ান।

৩ বাদে রোষ্‌নি হউক, খোদা এই হুকুম করিলে
৪ রোষ্‌নি হইল। তবে খোদা রোষ্‌নিকে আচ্ছা
দেখিয়া আন্ধেরাহইতে তাহাকে জুদ্দা করিয়া
রোষ্‌নির নাম দিন, আর আন্ধেরার নাম রাৎ
৫ রাখিলেন। আর সাঞ্জ আর ফজর হইলে পহে-
লা রোজ হইল।